



বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




নম্বর : ১৬.০৬.০০০০.০০০.০০.০১০.২০.২০২০

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০২০খ্রি:

সভার বিজ্ঞপ্তি

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০-২০২১ এর আব্যশিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্মসম্পাদন কার্যক্রম [১.৪] এর সূচক [১.৪.২] সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা আগামী ২৮ সেপ্টেম্বর ২০২০খ্রি: তারিখ সোমবার বিকাল ৩:০০ঘটিকায় ট্রাস্ট সচিব মহোদয়ের সভাপতিত্বে ট্রাস্টের সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

২। সভায় স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

নম্বর : ১৬.০৬.০০০০.০০০.০০.০১০.২০.

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০২০খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। শ্যামল মিত্র বড়ুয়া, উপ-পরিচালক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ২। যুগল তঞ্চঙ্গ্যা, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৩। সুখময় চাকমা, আইটি সহকারী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৪। অর্পিতা বড়ুয়া, উচ্চমান সহকারী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৫। সুদত্ত রতন বড়ুয়া, অফিস সহকারী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৬। সেতু বড়ুয়া, গাড়ী চালক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৭। প্রকাশ বড়ুয়া, অফিস সহায়ক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৮। সুমন তঞ্চঙ্গ্যা, অফিস সহায়ক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ৯। সুমিত্রা বড়ুয়া, অফিস সহায়ক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
- ১০) অফিস কপি।



(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
www.brwt.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মি: জয়দত্ত বড়ুয়া, সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

সভার স্থান : বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সভা কক্ষ।

তারিখ ও সময় : ২৮ সেপ্টেম্বর ২০২০খ্রি: সোমবার, বিকাল : ৩:০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকলকে করোনা ভাইরাস জনিত মহামারীর কারণে অফিসের কর্মকর্তা ও কর্মচারী, সেবাগ্রহীতা সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান। তিনি বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্ষিপ্ত কার্যক্রম তুলে ধরেন। এই সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া সেবা সংক্রান্ত যাবতীয় তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিক পালন করে। সভাপতি আরো বলেন, সেবাগ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিশ্রুতি সেবাসমূহকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে; (ক) নাগরিক সেবা; (খ) প্রাতিষ্ঠানিক সেবা এবং (গ) অভ্যন্তরীণ সেবা। তিনি নিজ নিজ অবস্থান থেকে সেবাগ্রহীতাকে সম্মানের সঙ্গে সেবা প্রদান করা, ভালো আচরণ করা, মিষ্টি কথা বলা এবং যদি কোন সেবা দিতে নাও পারি তবে হাসিমুখে কথা বলা এবং সুন্দর আচরণের মাধ্যমে সেবাগ্রহীতাকে বিষয়টি জানিয়ে দেওয়া উচিত।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

১। সেবা গ্রহণকারী এবং সেবা প্রদানকারী উভয়কে স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে।

২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মপরিকল্পনা তৈরির জন্য একটি কমিটি গঠন করতে হবে।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ ২য় সভা ডিসেম্বর ২০২০ সালে আয়োজন করতে হবে।

৪। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সিটিজেন চার্টার হালনাগাদকরণ, ওয়েবসাইটে ও দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর)
2020

(জয়দত্ত বড়ুয়া)

সচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।